গণ-শুনানি

ট্রাইবরো ব্রিজ অ্যান্ড টানেল অথরিটি ("TBTA") যা MTA ব্রিজেস অ্যান্ড টানেলস নামে কাজ করে, 21 নিউ ইয়র্ক কোডস, রুলস অ্যান্ড রেগুলেশন্স (NYCRR) ধারা 1021.2-এ প্রস্তাবিত পরিবর্তনের বিষয়ে একটি স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ প্রসিজার অ্যাক্ট (SAPA)-এর গণশুনানির আয়োজন করবে যাতে যানবাহনের সীমাবদ্ধতা এবং ওজন পরিমাপ আইন লঙ্ঘনের পর্যবেক্ষণ সংক্রান্ত বিষয় থাকবে। এই গণশুনানিতে এই নিয়ন্ত্রণমূলক পরিবর্তনগুলির জন ব্যবহার, সুবিধাসমূহ, উদ্দেশ্য এবং অবস্থান পর্যালোচনা করা হবে এবং জনসাধারণকে মন্তব্য করার সুযোগ দেওয়া হবে।

প্রকল্পগুলোর বিবরণ

TBTA নিম্নলিখিত বিষয়গুলো সমাধানের জন্য নিয়ন্ত্রক পরিবর্তনের প্রস্তাব করছে:

- ওয়ে-ইন-মোশন (WIM) লঙ্ঘন পর্যবেক্ষণ ব্যবস্থা স্থাপন করা এবং ওজন সীমা অতিক্রম করার ফলে WIM পর্যবেক্ষণ ব্যবস্থা উল্লঙ্ঘনের হার নির্ধারণ করা;
- TBTA-র ব্রিজ ও টানেলের প্রয়োজনীয় ন্যূনতম উচ্চতা সীমা অর্থাৎ ভার্টিকাল ক্লিয়ারেন্সে পরিবর্তন; এবং
- অতিরিক্ত আকারের এবং/অথবা অতিরিক্ত ওজনের যানবাহনের বিশেষ ব্যবস্থাপনার জন্য নতুন পারমিটের প্রয়োজনসহ যানবাহনের শুল্ক অর্থাৎ টোল।

রবার্ট এফ. কেনেডি (RFK) ব্রিজে ওয়ে-ইন-মোশন পাইলটের দায়বদ্ধতা
ট্রাকের ওজন সীমা নিরাপদে ও দক্ষতার সাথে প্রয়োগ করতে এবং লঙ্ঘনকারীদের উপর জরিমানা আরোপ করার জন্য RKF ব্রিজে ডব্লিউআইএম (WIM) প্রযুক্তি ব্যবহারের অনুমোদন দিতে 2025-এ নিউ ইয়র্ক স্টেট ভেহিকেল অ্যান্ড ট্র্যাফিক ল (NYS VTL) সংশোধন করা হয়েছিল। 2025-এর অক্টোবরে একটি গণশুনানির পর TBTA বোর্ড প্রকল্পটি অনুমোদন করেছে। এই পরিবর্তন অনুযায়ী, VTL-এর ধারা 385 লঙ্ঘন করা হলে প্রতিটি লঙ্ঘন বাবদ যানবাহন মালিককে **$650** জরিমানা দিতে হবে। অতিরিক্ত বিলম্ব বাবদ ফিও আরোপ করা হবে।

ব্রিজ এবং টানেলে ভার্টিকাল ক্লিয়ারেন্সে পরিবর্তন
নিউ ইয়র্ক স্টেট যানবাহন ও ট্রাফিক ল §1621(c) অনুযায়ী, ব্রিজ এবং টানেলের আইনসম্মত ক্লিয়ারেন্স পরিমাপকৃত ক্লিয়ারেন্সের চেয়ে এক ফুট কম হতে হবে। সড়কপথের চলাচলযোগ্য অংশ থেকে লম্বালম্বি করে মাপা হলে এই পরিমাপকৃত ক্লিয়ারেন্স ব্রিজ বা কাঠামো পর্যন্ত সর্বনিম্ন উচ্চতার হতে হবে। 21 NYCRR §1021.2 হালনাগাদকরণ গ্রহণ করে TBTA-এর ব্রিজ ও টানেলের বর্তমান ক্লিয়ারেন্স এবং প্রস্থ সঠিকভাবে প্রতিফলিত করা এবং এই প্রয়োজনীয়তা পূরণ করার জন্য যানবাহন সীমাবদ্ধতার সংশোধনের প্রস্তাব করা হচ্ছে।

বিশেষ ব্যবস্থাপনার প্রয়োজনসহ যানবাহনের জন্য টোল হারে পরিবর্তন
2026-এ, TBTA হাইওয়ে ওভারসাইজ ওভারওয়েট ক্রেডেনশিয়ালিং সিস্টেম (HOOCS) ব্যবহার করে বিশেষ ব্যবস্থাপনার প্রয়োজনসহ যানবাহনের (আকারে অতিরিক্ত বড় এবং/অথবা ওজনে অতিরিক্ত বেশি) পারমিটের আবেদনপত্রের প্রক্রিয়াকরণ শুরু করবে। TBTA কাঠামো পারাপার করার জন্য যেসব যানবহন পারমিট নেবে সেইগুলির অতিরিক্ত টোল হিসাবে $55 অথবা প্রযোজ্য 'টোলস বাই মেল' হার, এই দুটির মধ্যে যেটি বেশি, সেটি প্রদান করতে হবে। বিশেষ ব্যবস্থাপনার প্রয়োজনসহ যানবাহনের টোলে সংশোধনের জন্য 21 NYCRR §1021.2-এর ভাষায় সংশোধন করা হচ্ছে।

হাইব্রিড গণশুনানির তারিখ, সময় এবং স্থান

সোমবার , 17 আগস্ট, 2026
শুনানি সন্ধ্যা 6:00টা থেকে শুরু হয়ে রাত 8:00টা পর্যন্ত চলবে।
বক্তাদের নিবন্ধন বিকাল 5:30 থেকে শুরু হয়ে সন্ধ্যা 6:30-এ শেষ হবে।

MTA Headquarters, 2 Broadway, 20th Floor, William J. Ronan Board Room, New York, NY 10004.

নির্দেশ
সাবওয়ে দ্বারা : বোলিং গ্রিনে যেতে 4 5 নিন; হোয়াইটহল স্ট্রিটে যেতে R W ; সাউথ ফেরিতে যেতে 1 অথবা ব্রড স্ট্রিটে যেতে J Z নিন।
বাসে করে : M15, M15 SBS, M20, M55, SIM4C
স্ট্যাটেন আইল্যান্ড ফেরির মাধ্যমে: স্ট্যাটেন আইল্যান্ড ফেরি নিয়ে সাউথ ফেরি টার্মিনালে যান।

গণ শুনানির ফরম্যাট

এটি একটি হাইব্রিড গণশুনানি হবে, যেখানে সশরীরে অংশগ্রহণের পাশাপাশি জুমের অনলাইন প্ল্যাটফর্ম এবং কনফারেন্স কলের সুবিধার মাধ্যমেও অংশগ্রহণ করা যাবে এবং এর একটি লাইভস্ট্রিম MTA 2026 ব্রিজেস অ্যান্ড টানেলস SAPA ওয়েবসাইট **mta.info/sapa-hearing এ পাওয়া যাবে।**

গণশুনানিতে বক্তব্য রাখার জন্য নিবন্ধন

গণশুনানিতে বক্তব্য রাখতে আগ্রহীদের অবশ্যই রেজিস্ট্রেশনের আগে করতে হবে। **প্রত্যেক নিবন্ধিত বক্তা কথা বলার জন্য দুই (2)মিনিট সময় পাবেন।**

কথা বলার জন্য নিবন্ধন করতে আপনি 1) অনলাইনে নিবন্ধন করতে পারেন এই সাইটে:**mta.info/sapa-hearing** অথবা 2) কল করতে পারেন এই নম্বরে: **পাবলিক হিয়ারিং হটলাইন: (646) 252-6777** (টেলিফোন এজেন্টরা প্রতিদিন সকাল 6টা থেকে রাত 10টা পর্যন্ত উপলব্ধ থাকেন) অথবা 3) শুনানিতে সশরীরে উপস্থিত হয়ে নাম নিবন্ধন করুন। উপরে তালিকাভুক্ত একই বিকল্পের মাধ্যমে লিখিত মন্তব্য জমা দেওয়া যেতে পারে এবং অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করা যেতে পারে। নিবন্ধন 17 জুন, 2026 সকাল 6:00 টায় শুরু হবে এবং 17 আগস্ট, 2026 সন্ধ্যা 6:30 টায় শেষ হবে। সকল লিখিত মন্তব্য অবশ্যই 27 আগস্ট, 2026-এ বিকাল 5:00 টার মধ্যে জমা দিতে হবে। মন্তব্যগুলো লিপিবদ্ধ করে এই শুনানির স্থায়ী নথিপত্রের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা হবে।

মন্তব্য করার বা তথ্যের অনুরোধ করার অতিরিক্ত উপায়

ডাকযোগে: শুনানি সম্পর্কে মন্তব্য, অতিরিক্ত তথ্য বা প্রশ্ন জমা দেওয়ার জন্য নিম্নলিখিত ঠিকানায় চিঠি পাঠাতে হবে:
MTA সরকার ও সম্প্রদায় সম্পর্ক, বিষয়: TBTA SAPA Public Hearing, 2 Broadway, D16.94, New York, N.Y.10004.
ইমেলের মাধ্যমে: languageaccess@mtahq.org

উপলভ্যতা ও ভাষা সহায়তা পরিষেবা

গণশুনানিতে আমেরিকান সাংকেতিক ভাষা এবং কার্ট ক্যাপশনিং উপলব্ধ থাকবে।

যারা বধির বা আংশিক বধির তারা (646) 252-6777 নম্বরে পাবলিক হিয়ারিং হটলাইনে যুক্ত হওয়ার জন্য নিজেদের পছন্দের রিলে পরিষেবা, অথবা বিনামূল্যের 711 রিলে পরিষেবা ব্যবহার করতে পারেন।

দৃষ্টিহীন বা স্বল্প দৃষ্টিসম্পন্ন ব্যক্তিরা 31 জুলাই, 2026 বা তার আগে **mta.info/sapa-hearing** এ অনলাইনে অনুরোধ জমা দিয়ে অথবা (646) 252-6777 নম্বরে পাবলিক হিয়ারিং হটলাইনে কল করে বিশেষ সুবিধার অনুরোধ করতে পারেন।

যাদের ইন্টারনেট সংযোগ নেই তারা (646) 828-7666 নম্বরে কল করে এবং তারপর ওয়েবিনার আইডি 165 136 8526,ও তারপর পাউন্ড (#) চিহ্ন জানিয়ে জুম ওয়েবিনারে কল করে শুনানিতে যোগ দিতে পারেন:

ভাষাগত সহায়তা বা অন্য কোনো ব্যবস্থার জন্য: অনুগ্রহ করে শুনানির তারিখের অন্তত 10টি কার্যদিবসের আগে (31 জুলাই, 2026) অনলাইনে, টেলিফোনে, ডাকযোগে অথবা **languageaccess@mtahq.org** এই ইমেল ঠিকানায় অনুরোধ জমা দিন।

MTA

Information in other languages is available on our web site or via telephone.
La información en otros idiomas está disponible en nuestra web o por teléfono.
Информация на других языках доступна на нашем веб-сайте или по телефону.
Enfòmasyon nan lòt lang disponib sou sit entènèt nou an oswa pa telefòn.
다른 언어로 된 정보는 당사 웹사이트나 전화로 확인하실 수 있습니다.
其他语言版本信息请浏览我们的网站或致电.
অন্যান্য ভাষার তথ্য আমাদের ওয়েবসাইটে বা টেলিফোনের মাধ্যমে পাওয়া যায়.
אינפֿאָרמאַציע אין אַנדערע שפּראַכן איז פֿאַראַנען אויף אונדזער וועבזייטל אדער דורך טעלעפֿאָן.
Le informazioni in altre lingue sono disponibili sul nostro sito web o telefonicamente.
تتوفر المعلومات بلغات أخرى على موقعنا الإلكتروني أو عبر الهاتف.

mta.info
511
or 877-690-5114
(outside New York State)